সমকাল

তারিখ 26 JAN 2014
পৃষ্ঠা ... কলাম ...

জাতীয় বিশ্ববিদ্যালয়

ভর্তি পরীক্ষার উত্তরপত্র জালিয়াতির অভিযোগ

■ বিডিনিউজ

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৩-১৪ শিক্ষাবর্ষে ভর্তি পরীক্ষার ফল প্রকাশের আগে শিক্ষার্থীদের উত্তরপত্রে জালিয়াতির অভিযোগ পাওয়া গেছে।

নাম প্রকাশ না করার শর্তে ভর্তি কমিটির এক সদস্য বলেন, সুযোগ না থাকলেও বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার বিভাগের এক কর্মকর্তা ভর্তি পরীক্ষার পর প্রশ্নপত্রের উত্তরপত্র অংশে বেশকিছু রদবদল করেছেন, যাতে ফলাফলে অন্তত ৩০ নম্বরের ব্যবধান দেখা যাচ্ছে।

এর ফলে অনেক অযোগ্য প্রার্থীও জাতীয় বিশ্ববিদ্যালয়ে ভর্তির সুযোগ পেয়ে যেতে পারে বলে আশঙ্কা করছেন তিনি।